

শ্রীমান  
২০

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে দুর্নীতি ইউজিসির দায়সারা তদন্ত ৥ রিপোর্ট জমা দেবে কাল

স্টাফ রিপোর্টার ৥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুর্নীতি নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন গঠিত তদন্ত কমিটি দায়সারাভাবে তদন্ত রিপোর্ট তৈরি করে আগামীকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে জমা দিচ্ছে বলে অভিযোগ উঠেছে। দুর্নীতিতে নিমজ্জিত থাকলেও এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটির প্রধান ও কমিশন সদস্য অধ্যাপক সুলতান হোসেন মাত্র একদিন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গিয়ে তদন্ত কাজ শেষ করছেন বলে অভিযোগ উঠেছে। অবশ্য (২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## ইউজিসির দায়সারা

(প্রথম পাতার পর)

কমিশনের সূত্রগুলো বলেছেন, শত শত দুর্নীতি আর অনিয়মে অভিযুক্ত জাতীয় বিশ্ববিদ্যালয় সম্পর্কে মাত্র পনেরো দিনে তদন্ত শেষ করা সম্ভব নয়। আরও কয়েকদিন সময় নিয়ে করতে পারলে ভাল করে তদন্ত করা যেত বলে তারা দাবি করেছেন।

এদিকে সন্ত্রাসীদের হাতে নিহত বহুল আলোচিত উপাচার্য অধ্যাপক আফতাব আহমদের আমলে দলীয়ভাবে নিয়োগপ্রাপ্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিএনপি-জামায়াতপন্থী কর্মকর্তাকর্মচারীদের পদোন্নতি দিতে যাচ্ছে বিএনপিপন্থী বর্তমান কর্তৃপক্ষ! সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাদের চাকরির বয়স তিন বছর হয়ে গেছে তাদের পদোন্নতি দেয়ার বিষয়ে সিদ্ধান্ত নিয়ে এক আদেশ জারি করেছে। দেখা গেছে যাদের চাকরির বয়স তিন বছর হতে আরও মাসখানেক বাকি তাদেরও বাকি সময় পূর্ণ হওয়া পর্যন্ত সময়ে পদোন্নতির আবেদনের সুযোগ দেয়া হচ্ছে। মূলত তিন বছর আগে অধ্যাপক আফতাব আহমদের আমলে আফতাব, সাবেক কোষাধ্যক্ষ প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, রেজিস্ট্রারের মাধ্যমে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত বিএনপি-জামায়াতপন্থী কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি দিতেই এই আদেশ জারি করা হয়েছে। এ নিয়ে কর্মকর্তা কর্মচারীদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে।